



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল
musc.portal.gov.bd

১৭ পৌষ ১৪৩১ বঙ্গ
তারিখঃ ০১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ

<input checked="" type="checkbox"/> ডিভিএলজি	<input type="checkbox"/> অজ্ঞেয় (স)	<input type="checkbox"/> অজ্ঞেয় (ধ)
<input type="checkbox"/> অজ্ঞেয় (শিবা ও আইসিটি)	<input type="checkbox"/> সফটওয়্যার	
জেলা প্রশাসক বরিশাল		
<input type="checkbox"/> ডকেট নং:	০১/০১/২৫	
<input type="checkbox"/> তারিখ:	০১/০১/২৫	

স্মারক নম্বরঃ ৪৫.০০.০০০০.২০১.৯৯.০০২.২৪-০১

বিষয়ঃ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি-৩ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন প্রেরণ।

জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করে প্রতিপক্ষের আক্রমণে যারা শহীদ বা আহত হয়েছেন তাঁদের নামের তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, ৬৪টি জেলায় গঠিত জেলা কমিটি এবং 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই অংশ হিসেবে গণঅভ্যুত্থানে শহীদ ও আহত ব্যক্তিদের প্রথম ধাপের চূড়ান্ত নামের তালিকা ইতোমধ্যে <https://medical-info.dghs.gov.bd/public> ওয়েব পেজে প্রকাশ করা হয়েছে।

২. গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে প্রতিপক্ষের আক্রমণে যারা শহীদ বা আহত হয়েছেন কিন্তু উল্লিখিত প্রথম ধাপের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হননি এমন ব্যক্তি/ব্যক্তিদের নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা হয়েছে।

৩. উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যে, সংশ্লিষ্ট শহীদ ও আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, হাসপাতালে চিকিৎসা গ্রহণের প্রমাণপত্র এবং উপযুক্ত প্রমাণসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় অথবা জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন অথবা গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল এর দলনেতা বরাবর **আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।**

৪. এমতাবস্থায়, শহীদ/আহত ব্যক্তি হিসেবে চূড়ান্ত তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নির্ধারিত তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ এবং আবেদনসমূহ যাচাই-বাছাই করে **আগামী ০৯/০২/২০২৫ তারিখের** মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস-এ পূর্ণাঙ্গ তথ্যসহ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(খন্দকার জাহিদুল ইসলাম)
দলনেতা (অতিরিক্ত সচিব)

গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল

বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল)

১ মিন্টু রোড, ঢাকা-১০০০

টেলিফোনঃ ০২-২২৬৬৬৬৬০১

ইমেইলঃ muspecialcell36@gmail.com

১। জেলা প্রশাসক (সকল)

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল); সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৬. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. অফিস কপি

০১/০১/২৫